১০৷

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...... APR. 20 1999 ..
পৃষ্ঠা ৮ কলাম ৫ ...



ভর্তিযুদ্ধ। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফরম কেনার জন্য প্রচণ্ড রোদে ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে ফরম সংগ্রহ ও পূরণ করে জমা দেয়া —জনকণ্ঠ

## ঢাবিতে ছাত্রলীগ নেতার মাথা ফাটানোর ঘটনায় তদন্ত কমিটি গঠন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলে ছাত্রলীগ নেতার মাথা ফাটানোর ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠিত হয়েছে। এদিকে হল প্রভোস্ট অধ্যাপক ড. হোসেন মনসুর বলেছেন 'যে কোন মূল্যে হল বহিরাগত মুক্ত করব।' তদন্ত কমিটির আহ্বায়ক হলেন হল প্রভোস্ট অধ্যাপক ড. হোসেন মনসুর। আগামী ৭ থেকে ১০ দিনের মধ্যে কমিটিকে রিপোর্ট দিতে বলা হয়েছে। এদিকে গতকাল দৈনিক জনকণ্ঠে প্রকাশিত 'ছাত্রলীগ নেতার মাথা ফাটিয়ে দিয়েছে বহিরাগত দলীয় ক্যাড়ার' শীর্ষক সংবাদের

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## ঢাবিতে ছাত্রলীগ

(৮-এর পাতার পর)

প্রতিবাদ জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কর্তৃপক্ষ তাদের বক্তব্যে বলেছে, প্রধানমন্ত্রীর দফতরের একজন কর্মকর্তার সুপারিশে এসব হচ্ছে বলে যে সংবাদ প্রকাশিত হয়েছে তাও সত্য নয় এবং ভিত্তিহীন। প্রধানমন্ত্রীর নির্দেশেই গত ক'দিন ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোয় তল্লাসি চালিয়ে বহিরাগত সন্ত্রাসী গ্রেফতার ও বিতাড়নের প্রক্রিয়া চলছে। ফজলুল হক হলের প্রভোস্টের এ বক্তব্য সম্পূর্ণ তাঁর নিজের। এর সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন সম্পর্ক নেই।